

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২ ১৬১

খোয়াই, ১২ ডিসেম্বর, ২০২৪

**দশরথ দেব মেমোরিয়াল কলেজে রক্তদান শিবির**

খোয়াই দশরথ দেব মেমোরিয়াল কলেজের এনএসএস ইউনিটের উদ্যোগে আজ কলেজের অডিটোরিয়ামে স্বেচ্ছায় রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। শিবিরের আনুষ্ঠানিক উদ্বোধন করেন খোয়াই জিলা পরিষদের সভাপতি অপর্ণা সিংহ রায় (দত্ত)। উদ্বোধক হিসেবে বক্তব্য রাখতে গিয়ে সভাপতি শ্রীমতি সিংহরায় পড়াশোনার পাশাপাশি সমাজ ও দেশের কাজে নিয়োজিত হতে ছাত্রছাত্রীদের প্রতি আহ্বান জানান। অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দশরথ দেব মেমোরিয়াল কলেজের অধ্যক্ষ ড. খোকন মজুমদার, কলেজের টিচার কাউন্সিলের সেক্রেটারি ড. বাবুরাম স্বামী, জেলা হাসপাতালের চিকিৎসক ডা. অরিন্দম দেববর্মা। স্বাগত বক্তব্য রাখেন কলেজের এনএসএস ইউনিটের প্রোগ্রাম অফিসার রাজীব দাস। শিবিরে মোট ১৪ জন স্বেচ্ছায় রক্তদান করেন।

\*\*\*\*\*